

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রশাসন-১ শাখা
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক,
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd



নং: ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-২৬

তারিখ ২৬ পৌষ, ১৪২৭ বঃ
১০ জানুয়ারি, ২০২১ খ্রিঃ


বিষয়ঃ বিভিন্ন বাহিনীর (সেনা/ বিমান/ নৌ/ বিজিবি/ পুলিশ/ আনসার) বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতা যুদ্ধে যে সকল বেসামরিক নাগরিক অংশগ্রহণপূর্বক স্বাধীনতা পরবর্তী সময়ে বিভিন্ন বাহিনীতে (সেনা/ বিমান/ নৌ/ বিজিবি/ পুলিশ/ আনসার) যোগদানকরত: সংশ্লিষ্ট বাহিনীর গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধা হিসেবে অন্তর্ভুক্ত হয়েছিলেন, তাঁরা সংশ্লিষ্ট বাহিনীর সদস্য হিসেবে যুদ্ধে অংশগ্রহণ করেননি বিধায় তাঁদেরকে বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচনা করা সমীচীন। এ লক্ষ্যে বিগত ১০/১২/২০১৯ তারিখের জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৬৬তম সভায় কয়েকটি বাহিনীর গেজেটভুক্ত উল্লিখিত বেসামরিক শ্রেণির বীর মুক্তিযোদ্ধাদের সংশ্লিষ্ট বাহিনীর বীর মুক্তিযোদ্ধা সংক্রান্ত গেজেট বাতিল করা হয়েছে এবং তাঁদেরকে বীর মুক্তিযোদ্ধা হিসেবে নাম অন্তর্ভুক্তির লক্ষ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধের প্রেক্ষিতে আবেদনপত্র দাখিল করেছেন। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ৭(ক) ধারা অনুযায়ী “প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকা প্রণয়ন” পূর্বক সরকারের নিকট সুপারিশ করার লক্ষ্যে উল্লিখিত আবেদনকারী ব্যক্তিগণের মহান স্বাধীনতায় যুদ্ধে অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। যাচাই-বাছাই এর আওতাধীন বিভিন্ন বাহিনীর বাতিলকৃত গেজেটসমূহের বিপরীতে আবেদনকারীদের একটি তালিকা সকল উপজেলায় প্রেরণ করা হয়েছে এবং নিম্নে বর্ণিত ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

২। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ওয়েবসাইট (www.jamuka.gov.bd) এ প্রকাশিত হয়েছে।

৩। এ প্রেক্ষিতে, আগামী ৩০/০১/২০২১ তারিখ সকাল ১০ ঘটিকায় উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় এবং মহানগর পর্যায়ে জেলা প্রশাসক এর কার্যালয়ে অনুষ্ঠিতব্য যাচাই-বাছাই কার্যক্রমে উক্ত আবেদনকারীগণকেও মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে প্রয়োজনীয় সাক্ষ্য ও দলিলিক কাগজপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়েছে।

৪। এমতাবস্থায়, বিভিন্ন বাহিনীর (সেনা/ বিমান/ নৌ/ বিজিবি/ পুলিশ/ আনসার) বাতিলকৃত গেজেটধারী আবেদনকারীদেরকেও বীর মুক্তিযোদ্ধা বেসামরিক গেজেট যাচাই-বাছাই নীতিমালা-২০২০ অনুসরণপূর্বক যাচাই করে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ জহরুল ইসলাম রোহেল)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ফ্যাক্স: ০২- ৫৮৩১৩৪০৫

ইমেইল: dg@jamuka.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

১। বিভাগীয় কমিশনার (সকল)।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।